



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/31/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো আমেরিকাজুড়ে পুলিশের অসদাচরণের নীতিমালা সামঞ্জস্যপূর্ণ করার আহ্বান জানিয়েছেন

পুলিশের অসদাচরণের তদন্তগুলি স্বাধীন, বাইরের এজেন্সি দ্বারা পরিচালিত হওয়া উচিত - স্থানীয় প্রসিকিউটরদের দ্বারা নয়

ফেডারেল সরকারের উচিত অত্যধিক শক্তির এক সংজ্ঞা তৈরি করা

অসদাচরণের অভিযোগে অভিযুক্ত পুলিশ কর্মকর্তাদের শাস্তিমূলক রেকর্ড প্রকাশ করা উচিত

অ্যাটর্নি জেনারেল জেমসকে তার চলমান তদন্তে গত রাতের বিস্ফোভের সময় গৃহীত সব পদক্ষেপ ও পদ্ধতিসমূহ পর্যালোচনা করতে অনুবোধ করেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ আমেরিকাজুড়ে পুলিশের অসদাচরণের নীতিমালা সামঞ্জস্যপূর্ণ করার আহ্বান জানান। গভর্নর বলেন, পুলিশের অসদাচরণ তদন্তে ফেডারেল ও স্টেট সরকারের উচিত আইন পাস করা, তদন্তগুলি স্বাধীন, বাইরের এজেন্সি দ্বারা পরিচালিত হওয়া উচিত - স্থানীয় প্রসিকিউটর দ্বারা নয়। তিনি ফেডারেল সরকারের প্রতি সারা দেশজুড়ে একজন আদর্শবান পুলিশ কর্মকর্তাকে অতিরিক্ত শক্তি নির্ধারণের আহ্বান জানান। অসদাচরণের দায়ে অভিযুক্ত অফিসারদের নিয়মানুবর্তিতার রেকর্ড প্রকাশের পক্ষে গভর্নর প্রস্তাব করেন। তিনি আরও যুক্তি দিয়েছেন প্রতিটি সরকারি স্কুলে প্রতিটি শিশুর জন্য একই পর্যায়ের অর্থ প্রদান করা উচিত যাতে ধনীদের জন্য এক এবং দরিদ্রদের জন্য এক এমন দুইটি শিক্ষা ব্যবস্থা না থাকে।

"আসল বিষয় হচ্ছে এই দেশে অব্যাহত বর্ণবাদ এবং এটি দীর্ঘস্থায়ী এবং এটি একটি প্রাতিষ্ঠানিক এবং এটি একটি সম্মিলিত কপটতার পক্ষে কথা বলে," **গভর্নর কুওমো বলেন।** "অন্য দেশগুলিকে কীভাবে তাদের জীবনযাপন করা উচিত এবং তাদের কীভাবে আচরণ করা উচিত তা জানাতে আমরা এই দেশে খুব ভালো কিন্তু আমরা এখনও স্বকের রঙের ভিত্তিতে বৈষম্য করি। সেটি সহজ, যন্ত্রণাদায়ক সত্য - কিন্তু সত্যের জন্য এটি সঠিক মুহূর্ত। আজ আমাদের চ্যালেঞ্জ হলো এই মুহূর্তটা ব্যবহার করা, এই শক্তিকে গঠনমূলকভাবে ব্যবহার করে প্রকৃত ইতিবাচক পরিবর্তনের দাবি জানাচ্ছি। সেইসাথে পরিবর্তন যেটা আমরা চাই তা স্পষ্ট করে বলছি। জর্জ ফ্লয়েড অবশ্যই অযথা

মারা যাননি। মি. ক্লয়েডের হত্যাকাণ্ড অবশ্যই এমন এক মুহূর্ত হবে, যার ফলে এই জাতি এই স্থানকে আরো ভালো জায়গায় নিয়ে যেতে শিখেছে এবং অগ্রসর হয়েছে।"

গভর্নর অ্যাটর্নি জেনারেল লেভিটিয়া জেমসের কাছে গত রাতের বিক্ষোভ এবং সাম্প্রতিক বিক্ষোভের সময় গৃহীত সকল পদক্ষেপ ও কার্যপ্রণালী পর্যালোচনা করে প্রতিবাদ জানাতে অনুরোধ করেন।

স্থানীয় কর্মকর্তাদের অনুরোধে গভর্নর ঐ শহরগুলিতে পরিকল্পিত বিক্ষোভের আগে বাফেলো, রচেস্টার, সিরাকিউজ এবং অ্যালবানিতে অতিরিক্ত স্টেট পুলিশ অফিসার মোতায়েন করেছিলেন। স্টেট পুলিশ প্রয়োজনে অন্য যেকোনো মিউনিসিপ্যালকে সহায়তা করার জন্য প্রস্তুত এবং ন্যাশনাল গার্ড প্রস্তুত রয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)